

নং. 11.6

এক্সিকিউটিভ অর্ডার

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

যেহেতু, নিউ ইয়র্কে কোভিড-19 সংক্রমণ হয়েই যাচ্ছে, কোভিড-19 এ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি নতুন রোগীর সংখ্যার হার দৈনিক 100 জনের বেশিতেই রয়েছে;

যেহেতু, ওমিক্রন নামে পরিচিত SARS-CoV-2 ভ্যারিয়েন্ট, যেটিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization) এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention) উদ্বেগের ভ্যারিয়েন্ট হিসেবে নির্ণীত করেছে, সেটি অতি সংক্রামক হিসেবে পরিচিত এবং সর্বোচ্চ সুরক্ষার জন্য ব্যক্তিদের অতিরিক্ত টিকা ডোজ গ্রহণের প্রয়োজনীয়তা সৃষ্টি করেছে;

যেহেতু, আঞ্চলিক চাহিদা পূরণের জন্য স্টেটব্যাপী হাসপাতালের ধারণক্ষমতা নিশ্চিত করতে স্টেটকে অবশ্যই একটি সমন্বিত পন্থা অবলম্বন করতে হবে;

যেহেতু, মিউনিসিপ্যালিটি ও কাউন্টিগুলির কোভিড-19 টিকা ও পরীক্ষা প্রদান ও ব্যবস্থা করার জন্য এবং এমন ব্যাপকহারে ভাইরাস সংক্রমণ রোধ করার জন্য তাদের প্রচেষ্টায় স্টেট সরকারকে অবশ্যই তাদের সমর্থন করতে হবে;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে নির্বাহী আদেশ 11 অনুযায়ী স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি, এবং নির্বাহী আদেশ 11, 11.1, 11.2, 11.3, 11.4, ও 11.5-এ বর্ণিত আইনের স্থগিতাদেশ ও পরিবর্তনসমূহ 14 জুন, 2022 তারিখ পর্যন্ত বহাল রাখছি।

এই বর্ষ দুই হাজার বাইশের মে মাসের পনেরো তারিখে

আলবানি সিটিতে আমার হাতে এবং

স্টেটের প্রাইভি সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব